

বিজ্ঞপ্তি

পশ্চিমবঙ্গ সরকার আর্থসামাজিক ও জাতিগত জনগণনা (SECC) তালিকা অনুযায়ী কতগুলি সূচকের ভিত্তিতে জাতীয় খাদ্য সুরক্ষা আইনের (NFSA) আওতায় যোগ্য পরিবারগুলিকে চিহ্নিত করেছে। আর্থসামাজিক ও জাতিগত জনগণনার তালিকা ও জাতীয় খাদ্য সুরক্ষা আইনের যোগ্য আইনের আওতাভুক্ত যোগ্য ব্যক্তির তালিকা সংশ্লিষ্ট গ্রাম পঞ্চায়েত ও পৌরসভায় রয়েছে।

যদি আপনার নাম আর্থসামাজিক ও জাতিগত জনগণনা (SECC) তালিকায় অন্তর্ভুক্ত থাকে এবং যদি আপনি মনে করেন আর্থসামাজিক ও জাতিগত জনগণনার সূচক অনুযায়ী আপনার নাম জাতীয় খাদ্য সুরক্ষা আইনের যোগ্য তালিকায় থাকা উচিত কিন্তু বর্তমান তালিকায় নেই তাহলে নাম অন্তর্ভুক্তির জন্য সবুজ রঙের ফর্মে (Form I-R অথবা IU) আবেদন করবেন। গ্রামাঞ্চলের জন্য Form I-R ও পৌর এলাকার জন্য Form I-U ব্যবহার করতে হবে। আবেদনপত্র জমা দেওয়ার শেষ তারিখ ৩১শে আগস্ট ২০১৫।

এছাড়া যে ব্যক্তি বা পরিবারের নাম আর্থসামাজিক ও জাতিগত জনগণনা (SECC) তালিকায় অন্তর্ভুক্ত নেই অথচ মনে করেন যে তাঁরা ভর্তুকিযুক্ত খাদ্যশস্য পাওয়ার যোগ্য, মাননীয় মুখ্যমন্ত্রীর নির্দেশ অনুযায়ী তাঁরাও দরখাস্ত করতে পারেন। সেই ক্ষেত্রে তাঁদের সাদা রঙের Form II-R অথবা Form II-U তে আবেদন করতে হবে। গ্রামাঞ্চলে বসবাসকারী ব্যক্তির II-R ফর্ম ব্যবহার করবেন। পৌরসভার মধ্যে বসবাসকারী ব্যক্তির II-U ব্যবহার করবেন। আবেদন করতে হবে বি.ডি.ও অফিসে অথবা সংশ্লিষ্ট পুরসভাতে। ৩১শে আগস্ট ২০১৫ পর্যন্ত এই আবেদন পত্র জমা নেওয়া হবে।

৩১শে আগস্ট ২০১৫ পর্যন্ত জমা নেওয়া এই দুই ধরনের সকল আবেদন পত্র (Form I-R / Form I-U / Form II-R, Form II-U) ৩০শে সেপ্টেম্বরের মধ্যে জেলা শাসকের / কলকাতা পৌর নিগমের মাধ্যমে তদন্তের পর নিষ্পত্তি করা হবে।

যাদের নাম জাতীয় খাদ্য সুরক্ষা আইন (NFSA) -এর যোগ্য তালিকায় আছে তাঁদের আবেদন করার প্রয়োজন নেই।

মনে রাখবেন আবেদন পত্র জমা দেওয়ার শেষ তারিখ ৩১শে আগস্ট ২০১৫।

আরো জানতে ফোন করুন খাদ্য ও সরবরাহ দপ্তরের টোল ফ্রি নম্বর ১৯৬৭ অথবা ১৮০০ ৩৪৫ ৫৫০৫ -এ। প্রতিদিন সকাল ৮টা থেকে রাত ৮টা পর্যন্ত এই দুটি ফোন চালু থাকে।